

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৯৫

৪২/ কুরআনের ফযীলাত (كتاب فضائل القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১০, সূরা আয-যিলযালের ফযীলাত

আরবী

حَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ الْعَمِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ، أَخْبَرَنَا سَلْمَةُ بْنُ وَرْدَانَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِرَجُلٍ مِنْ أَصْحَابِهِ " هَلْ تَزَوَّجْتَ يَا فُلَانُ " . قَالَ لَا وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ وَلَا عِنْدِي مَا أَتَزَوَّجُ بِهِ . قَالَ " أَلَيْسَ مَعَكَ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ) " . قَالَ بَلَى . قَالَ " تُلِثُ الْقُرْآنَ " . قَالَ " أَلَيْسَ مَعَكَ (إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ) " . قَالَ بَلَى . قَالَ " رُبِعُ الْقُرْآنِ " . قَالَ " أَلَيْسَ مَعَكَ قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ " . قَالَ بَلَى قَالَ " رُبِعُ الْقُرْآنِ " . قَالَ " أَلَيْسَ مَعَكَ (إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ) " . قَالَ بَلَى . قَالَ " رُبِعُ الْقُرْآنِ " . قَالَ " تَزَوَّجْ تَزَوَّجْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

২৮৯৫। আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার এক সাহাবীকে প্রশ্ন করলেনঃ হে অমুক! তুমি কি বিয়ে করেছ? তিনি বললেনঃ না, হে আল্লাহর রাসূল। আল্লাহর কসম! আমার কাছে বিয়ে করার মত মাল নেই। তিনি প্রশ্ন করলেনঃ “তোমার কি সূরা কুল হুওয়াল্লাহু আহাদ মুখস্ত নেই”? তিনি বলেনঃ হ্যাঁ আছে। তিনি বলেনঃ এটা কুরআনের এক-তৃতীয়াংশ।

তিনি আবারও প্রশ্ন করলেনঃ তোমার কি সূরা ইয়া জাআ নাসরুল্লাহি ওয়াল ফাতহ মুখস্ত নেই? তিনি বলেন, হ্যাঁ আছে। তিনি বলেনঃ এটা কুরআনের এক-চতুর্থাংশ।

তিনি আবার প্রশ্ন করলেনঃ তোমার কি সূরা কুল ইয়া আইয়ুহাল কাফিরুন জানা নেই? তিনি বলেন, হ্যাঁ আছে। তিনি বলেনঃ এটা কুরআনের এক-চতুর্থাংশ।

তিনি আবার প্রশ্ন করেনঃ তোমার কি সূরা ইয়া যুলযিলাতিল আরযু মুখস্ত নেই? তিনি বলেন, হ্যাঁ আছে। তিনি বলেনঃ এটা কুরআনের এক-চতুর্থাংশ। অতএব তুমি বিয়ে কর, বিয়ে কর।

যঈফ, তা'লীকুর রাগীব (২/২২৪)

আবু ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান।

English

Narrated Anas bin Malik:

that the Messenger of Allah (ﷺ) said to a man among his Companions: "Have you married O so-and-so?" He said: "No by Allah O Messenger of Allah! And I do not have anything to marry with." He said: "Do you not know: Qul Huwa Allahu Ahad?" He said: "Of course." He said: "It is a third of the Qur'an." He said: "Do you not know Idha Ja Nasrullahi Wal-Fath?" He said: "Of course." He said: "It is a fourth of the Qur'an." He said: "Do you not know Qul Ya Ayyuhal-Kafirun?" He said: "Of course." He said: "It is a fourth of the Qur'an." He said: "Do you not know Idha Zulzilat Al-Ard?" He said: "Of course." He said: "It is a fourth of the Qur'an." He said: "Marry, marry."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43598>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন